বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ ... 13 APR 1995 ...
পৃষ্ঠা 7 কলাম 8

27

# যশোর শিক্ষা বোর্ডে অগ্নিসংযোগ

**যশোর ব্যুরো** ঃ যশোর শিক্ষা বোর্ডে বুধবার একদল যুবক অগ্নিসংযোগ করে। শিক্ষা বোর্ড সূত্রে জানানো হয় যেসব ভুয়া পরীক্ষার্থীর এসএসসি পরীক্ষার আবেদন বাতিল করা হয়েছে, তারাই ওই কাজে যুক্ত।

সকাল সাড়ে ১১ টার দিকে যুবকরা শিক্ষাবোর্ড চত্বরে ঢুকে সিঁড়ি ঘরের কাছে থাকা কাগজের স্তূপে আগুন ধরায়। বোর্ড কর্মচারীরা এগিয়ে এলে তারা বেশ কয়েকটি পেট্রোল বোমা ছুড়ে মারে। এরপর নির্বিঘ্নে পালিয়ে যায়। কর্মচারীরা আগুন নেভাতে ব্যর্থ হয়। পরে ফায়ার ব্রিগেড এসে আগুন নেভায়। যে স্থানে আগুন ধরানো হয়েছিল তার অদূরেই বোর্ডের গুদাম ঘর। সেখানে মূল্যবান রেকর্ডপত্র সংরক্ষিত হয়। বোর্ড চেয়ারম্যান ভুয়া পরীক্ষার্থীদেরকে এ ব্যাপারে দায়ী করলেও তাদের তরফে এই অভিযোগ অস্বীকার করা হয়েছে। অন্য একটি সূত্র জানায়, বোর্ডের পুরনো কাগজপত্র বিক্রি নিয়ে সম্প্রতি বড় ধরনের ঘাপলা হয়েছে। এর পিছনে তাদের হাতও থাকতে পারে।